



বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangladesh Medical University
শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

নং-বিএমইউ/২০২৬/১০৫

তারিখ : ১৪-০৫-২০২৬ইং


নোটিশ

এই বিশ্ববিদ্যালয় ও অধিভুক্ত প্রতিষ্ঠান National Institute of Advanced Nursing Education and Research (NIANER) - এ জুলাই ২০২৬ইং শিক্ষাবর্ষে Master of Science in Nursing (MSN) কোর্সে ভর্তির জন্য লিখিত পরীক্ষায় আগামী ১৬/০৫/২০২৬ইং তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখেই সাময়িকভাবে নির্বাচিত (সরকারী, বিএমইউ এবং বেসরকারী) প্রার্থীদের ফলাফল প্রকাশ করা হবে। উল্লেখ্য, সাময়িকভাবে নির্বাচিত (সরকারী, বিএমইউ এবং বেসরকারী) প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য মূল সনদসমূহ নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী যাচাই-বাছাই করা হবে।

কোর্সের নাম	তারিখ ও সময়
এম এস এন নার্সিং	১৮-০৫-২০২৬ইং ইং তারিখ (সোমবার) সকাল ৯.০০ ঘটিকা বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হল।

লিখিত পরীক্ষায় সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীগণ যথা সময়ে নিম্নোক্ত মূল সনদসহ নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো :

- ১। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- ২। এসএসসি/ সমমানের মূল সনদ।
- ৩। মূল মাইগ্রেশন সনদ।
- ৪। বিএসসি (ইন নার্সিং/ মিডওয়াইফারি) এর মূল সনদ।
- ৫। রেজিস্ট্রার্ড নার্স হিসাবে ০২ (দুই) বছর কাজের বাস্তব অভিজ্ঞতার সনদ।
- ৬। **BNMC** কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশনের মূল সনদ (৩১ শে ডিসেম্বর ২০২৬ইং পর্যন্ত হালনাগাদ)।
- ৭। জাতীয় পরিচয় পত্রের মূল কপি।
- ৮। কর্মরত থাকলে চাকরি থেকে অব্যাহতিপত্র/চাকরিছল থেকে অনাপত্তিপত্র ও প্রত্যয়ন পত্র।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অথবা সিভিল সার্জন কর্তৃক ০২ (দুই) বছর চাকরি সম্পন্ন প্রত্যয়ন পত্র (সরকারী প্রার্থীদের ক্ষেত্রে)।
- ১০। এসএসসি পরীক্ষার সনদ অনুযায়ী বয়স সর্বোচ্চ ৪৫ বছর (০১ জুলাই ২০২৬ইং পর্যন্ত)।


(এ. টি. এম. আমিনুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (শিক্ষা শাখা)